# তানোর উপজেলা আইসিটি বিষয়ক কমিটির মে/২০২৬ খ্রি. মাসের সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব নাঈমা খান, উপজেলা নির্বাহী অফিসার ,তানোর, রাজশাহী।
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ
তারিখ : ২১/০৫/২০২৬ খ্রি:
সময় : বিকেল-৩.০০ ঘটিকায়
উপস্থিত সদস্যবৃন্দ : তালিকা পরিশিষ্ট-'ক'-তে দেখানো হ'ল।

সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি সরকারি সিদ্ধান্ত মোতাবেক উপজেলা পর্যায়ে আইসিটি'র বিকাশ ও উন্নয়ন এবং তথ্য প্রযুক্তি নির্ভর বাংলাদেশ গড়ার লক্ষ্যে উপজেলার আইসিটি কমিটির সদস্যবৃন্দের দৃষ্টি আকর্ষণ করেন। সভায় উপস্থিত সদস্যগণ তাদের গৃহীত সমস্যা সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন এবং আলোচনার প্রেক্ষিতে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গ্রহণ করা হয়।

| ক্রমিক: | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১। | **বিগত সভার কার্যবিবরণী পাঠ এবং দৃঢ়ীকরণঃ** সভায় বিগত মাসের উপজেলার আইসিটি কমিটির মাসিক সভার কার্যবিবরণী পাঠ করে তাতে কোন সংযোজন/বিয়োজন আছে কিনা এই বিষয়ে সকলের মতামত আহবান করা হলে সকলেই এই মর্মে সম্মত হন যে, উপস্থাপিত বিগত সভার কার্যবিবরণীতে কোন সংযোজন/বিয়োজন নেই। | ১। বিগত সভার কার্যবিবরণী কোন সংযোজন/বিয়োজন না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হলো। | ১। সংশ্লিষ্ট সকল, তানোর,রাজশাহী। |
| ২। | **EDC প্রজেক্টের ইন্ড ইউজার কানেক্টিভিটি সংক্রান্তঃ** তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "ডিজিটাল সংযোগ স্থাপন (ইডিসি)" শীর্ষক প্রকল্পের আওতায় End User Connectivity বাস্তবায়নের অংশ হিসেবে তানোর উপজেলায় মোট ২৪১ টি প্রতিষ্ঠানে ব্রডব্যান্ড ইন্টারনেট সংযোগ এরমধ্যে ১৭০ টি প্রতিষ্ঠানে সংযোগ প্রদান সম্পন্ন হয়েছে। গত ৬ এবং ৭ জানুয়ারি ১০০ টি শিক্ষাপ্রতিষ্ঠানের সাথে ত্রিপক্ষীয় চুক্তি সম্পাদিত হয়েছে। বেশ কিছু প্রতিষ্ঠান থেকে নিরবচ্ছিন্ন ইন্টারনেট সংযোগ না পাওয়ার বিষয়ে অভিযোগ পাওয়া যায় এবং সংশ্লিষ্ট ভেন্ডর প্রতিষ্ঠানকে আরও সচেতন হতে নির্দেশনা প্রদান করা হয়। | ১। সংশ্লিষ্ট কার্যক্রমকে সফল ও সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে সকলের প্রয়োজনীয় সহায়তা চাওয়া হয়। সহকারী প্রোগ্রামারকে মনিটরিং ও দিকনির্দেশনা প্রদান করার জন্য বলা হয় এবং তা সিদ্ধান্ত আকারে গৃহীত হয়। | ১। সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, তানোর<br>২। সংশ্লিষ্ট দপ্তর প্রধান (সকল), তানোর<br>৩। সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান (সকল), তানোর<br>৪। সংশ্লিষ্ট ভেন্ডর প্রতিষ্ঠান, ইডিসি প্রকল্প। |
| ৩। | **ওয়েব সাইট হালনাগাদঃ** এ বিষয়ে সহকারী প্রোগ্রামার জানান, তানোর উপজেলায় ওয়েব সাইটের হালনাগাদের কাজ স্বাভাবিক গতিতে চলছে। ইতোমধ্যে ২০ টি সরকারি দপ্তর তাদের ওয়েব সাইট হালনাগাদ শতভাগ সম্পন্ন করেছে বিভিন্ন দপ্তরের কর্মকর্তারা এ বিষয়ে একটু আন্তরিক হলে দ্রুত ফলাফল পাওয়া যাবে। | ১। ওয়েব সাইট হালনাগাদ করার জন্য দপ্তর প্রধানদের আরো আন্তরিক হওয়ার জন্য অনুরোধ জানানো হয় এবং তা সিদ্ধান্ত আকারে গৃহীত হয়। | ১। দপ্তর প্রধান (সকল), তানোর<br>২। সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, তানোর |
| ৪। | **ডি-নথি বাস্তবায়ন সংক্রান্তঃ** এ বিষয়ে সহকারী প্রোগ্রামার জানান, তানোর উপজেলায় ইতোমধ্যে উপজেলা নির্বাহী অফিস, উপজেলা শিক্ষা অফিস, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, উপজেলা সমাজসেবা অফিস,উপজেলা মহিলা বিষয়ক অফিস সহ ১৫ টি দপ্তর তাদের অফিসিয়াল কার্যক্রম ডি-নথির মাধ্যমে সম্পাদন করছে। অত্র উপজেলার সকল দপ্তরের কর্মকর্তা এবং কর্মচারীরা বিভিন্ন সময়ে প্রশিক্ষণ সম্পন্ন করেছেন।ই-নথির নতুন ভার্শন ডি-নথির প্রশিক্ষন সম্পন্ন হওয়ায় কাজের অগ্রগতি আরও ত্বরান্বিত হবে বলে আশা করা হয়। | ১। ডি-নথি কার্যক্রম বাস্তবায়নে সহযোগিতা করার জন্য সহকারী প্রোগ্রামারকে অনুরোধ জানানো হয় এবং তা সিদ্ধান্ত আকারে গৃহীত হয়। | ১। দপ্তর প্রধান (সকল), তানোর<br>২। সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, তানোর |
| ৫। | **সাইবার অপরাধ ও সাইবার অপরাধ প্রতিরোধের উপায়ঃ** সাইবার অপরাধ বা (Cyber Crime) হলো ইন্টারনেট ব্যবহার করে অপরাধ করা যা বিভিন্ন ধরণের হতে পারে। এই অপরাধগুলি সাধারণত কম্পিউটার নেটওয়ার্ক, সাইবার স্পেস, ওয়েবসাইট এবং ইমেল সহ বিভিন্ন ইন্টারনেট প্রযুক্তির মাধ্যমে সম্পাদিত হয়। সভায় সাইবার অপরাধ ও সাইবার অপরাধ প্রতিরোধের উপায় নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। সরকারি নির্দেশনা মোতাবেক উপজেলা আইসিটি কার্যালয়ে সাইবার নিরাপত্তা সেবা হেল্পডেস্ক স্থাপন করা হয়েছে। | ১। সহকারী প্রোগ্রামার অফিসারকে এ বিষয়ে প্রয়োজনীয় ব্যাবস্থা গ্রহনের অনুরোধ জানানো হয় এবং তা সিদ্ধান্ত আকারে গৃহীত হয়। আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট ২০২৬ উপলক্ষে সাইবার অপরাধ ও সাইবার অপরাধ প্রতিরোধের বিষয়ে অধিকতর সচেতনতা অবলম্বনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। দপ্তর প্রধান (সকল), তানোর, রাজশাহী<br>২। সহকারী প্রোগ্রামার ,আইসিটি অধিদপ্তর, তানোর<br>৩। উপজেলা শিক্ষা অফিসার এবং মাধ্যমিক শিক্ষা অফিসার |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| ৬। | **সাইবার সিকিউরিটি অলিম্পিয়াড ও নিরাপদ ইন্টারনেট দিবস ২০২৬০ঃ সংক্রান্তঃ** Bangladesh Cyber Security Olympiad 2026 এবং নিরাপদ ইন্টারনেট দিবস ২০২৬ এর ফাইনাল রাউন্ড আগামী ০৯ই জুন ২০২৬ তারিখে আইসিটি টাওয়ার, আগারগাও ঢাকায় অনুষ্ঠিত হবে। তানোর উপজেলা থেকে নির্বাচিত শিক্ষার্থীদের যথাযথ দিকনির্দেশনা প্রদানের বিষয়ে আলোচনা হয়। | ১। সহকারী প্রোগ্রামারকে এ বিষয়ে প্রয়োজনীয় ব্যাবস্থা গ্রহনের অনুরোধ জানানো হয় এবং তা সিদ্ধান্ত আকারে গৃহীত হয়। | |
| ৭। | **ইউনিয়ন ডিজিটাল সেন্টার কার্যক্রম সংক্রান্তঃ** এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার মহোদয় নির্দেশ প্রদান করেন যে, ইউনিয়ন ডিজিটাল সেন্টার গুলোতে প্রতিটি সেবার তালিকা মূল্যসহ ব্যানার এবং ইউনিয়ন ডিজিটাল সেন্টার এর সাইন বোর্ড থাকা বাধ্যতামূলক এবং তাদের আয়ের হিসাব নিয়মিত একসেবা তে আপলোড করতে হবে। এ বিষয়ে সহকারী প্রোগ্রামার কে মনিটরিং কার্যক্রম জোরদার করার জন্য নির্দেশ প্রদান করেন। | ১। জনগণের সরকারি সেবা নিশ্চিত প্রাপ্তির জন্য উদ্যোক্তারা যাতে নিয়মিত অফিসে অবস্থান করেন তা সিদ্ধান্ত আকারে গৃহীত হয়। | ১। ইউপি চেয়ারম্যান (সকল) |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

০১/০৬/২৬

(নাঈমা খান)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইসিটি বিষয়ক কমিটি
তানোর, রাজশাহী।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
উপজেলা কার্যালয়, তানোর ,রাজশাহী
doict.tanore.rajshahi.gov.bd

স্মারক নং ৫৬.০৪.৮১৯৪.০০০.০০০০.০৬.০০১.২৫.২৫

তারিখঃ ০১/০৬/২০২৬ খ্রি:

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :-
১। মাননীয় সংসদ সদস্য, ৫২ রাজশাহী-১ (গোদাগাড়ী, তানোর)।
২।সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার ,আগারগাঁও, ঢাকা।
৩।মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার ,আগারগাঁও, ঢাকা।
৪।বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
৫।জেলা প্রশাসক, রাজশাহী।
৬।উপজেলা নির্বাহী অফিসার, তানোর, রাজশাহী।
৭।প্রশাসক(অ.দা.), উপজেলা পরিষদ, তানোর, রাজশাহী।
৮।প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, রাজশাহী।
৯।অফিস নথি।

১/৬/২৬

(মোঃ জাহাঙ্গীর আলম)
সহকারী প্রোগ্রামার
ও
সদস্য সচিব
উপজেলা আইসিটি বিষয়ক কমিটি
তানোর, রাজশাহী।

CamScanner